

## সভা নং-

উপজেলা সমাজকল্যাণ কমিটির ৩১/০৫/২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আবুল ফজল

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধোবাউড়া, ময়মনসিংহ

সভার স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ।

সভার তারিখ : ৩১/০৫/২০২২ খ্রি.

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর :- (পরিশিষ্ট- ক)

সভার আলোচ্যসূচী:-

১। ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রমের আর্থিক সাহায্য প্রাপ্তির আবেদনপত্র যাচাই বাছাই সংক্রান্ত,

২। বিবিধ

সভার সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সমাজসেবা অফিসার ও সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কাহারো কোন আপত্তি না থাকায় তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।


ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
০১	সভাপতি জানান যে, ধোবাউড়া উপজেলায় এখনও কিছু ভিক্ষুক দেখা যায় তাদের মধ্যে যারা কর্মক্ষম তাদের কে পুনর্বাসনের মাধ্যমে কিভাবে স্বাবলম্বী করা যায় তা বিস্তারিত আলোচনা হয়। চেয়ারম্যান, ৩ নং ধোবাউড়া ইউনিয়ন পরিষদ বলেন যে তাদেরকে তালিকাভুক্ত করে ক্ষুদ্র ব্যবসা, সেলাই ইত্যাদি কাজে পুনর্বাসন করা যেতে পারে। দাখিলকৃত আবেদনপত্র গুলো সভায় উপস্থাপন করা হয়।	তাদের দাখিলকৃত আবেদনপত্র গুলো পরবর্তী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।


অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্মারক নং- উ.প.কা/ধোবা/স্থায়ী কমিটি/২০২২-

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধোবাউড়া, ময়মনসিংহ
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ধোবাউড়া, ময়মনসিংহ
- ৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ
- ৫। চেয়ারম্যান, ..... ইউপি, ধোবাউড়া, ময়মনসিংহ
- ৩। অফিস কপি।

  
(আবুল ফজল)  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
ধোবাউড়া, ময়মনসিংহ  
তারিখঃ ৩১/০৫/২০২২ খ্রি.  
মোঃ আবুল ফজল  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
ধোবাউড়া, ময়মনসিংহ

  
উপজেলা সমাজসেবা অফিসার  
ধোবাউড়া, ময়মনসিংহ  
উপজেলা পরিষদ  
ধোবাউড়া, ময়মনসিংহ